জে.বি বক্সিং চ্যাম্পিয়নশিপে টিম জে.বি এর বক্সারদের জয়

AF Boxing Promotion আয়োজিত জে.বি বক্সিং চ্যাম্পিয়নশিপের ১১তম আসরে সাফল্য অর্জন করেছে টিম জে.বি। গত ১৩ নভেম্বর ঢাকায় অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় দলের বক্সাররা অংশ নিয়ে জয় তুলে নেন।

এ আসরে টিম জে.বি-এর হয়ে জয় পেয়েছেন রায়ান বানি, মো. হোসাইন কবির, মো. ইয়াসিন, মো. হাসান শিকদার, মো. হাফিজুর রহমান, আব্দুর রহমান সুমন ও শুভ দেবনাথ।

প্রতিযোগিতার অন্যতম আকর্ষণ ছিল আন্তর্জাতিক বাউট। নেপালের বিপক্ষে লড়াইয়ে অংশ নিয়ে জয় অর্জন করেন টিম জে.বি-এর তিন বক্সার রায়ান বানি, ইয়াসিন ও হাসান শিকদার। তাঁদের এ সাফল্য দলের অর্জনে নতুন মাত্রা যোগ করেছে।

দলের এ সম্মিলিত সাফল্যে আনন্দ প্রকাশ করেছেন সংশ্লিষ্টরা। তাঁদের মতে, এমন অর্জন দেশের বক্সিং অঙ্গনে নতুন উদ্দীপনা তৈরি করবে এবং ভবিষ্যতে আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের প্রতিনিধিত্ব করার সুযোগ আরও বাড়াবে।

টিম জে.বি-এর পক্ষ থেকে এ সাফল্যের পেছনে সহযোগিতা ও পরিশ্রম করা সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়েছে। বিশেষ করে রায়ান বানি, ইয়াসিন, হাসান শিকদার ও হোসাইন কবিরসহ দলের প্রত্যেক বক্সারের পারফরম্যান্সকে গর্বের বিষয় হিসেবে উল্লেখ করা হয়েছে।